

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA

Date: 04-11-2025

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বনির্ভর ভারতের যে অঙ্গীকার দেশ নিয়েছে, তার পথ নির্ধারণ করবে 'ভোকাল ফর লোকাল'।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, তরুণ প্রজন্মকে সাধারণ জ্ঞান, সমসাময়িক বিষয়ে আলোচনায় আরও সক্রিয়ভাবে যুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (৩) জাতীয় অনূর্ধ্ব ১৫ বছরের দাবা প্রতিযোগিতায় ভারত সেরা হলো রাজ্যের আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস।
- (৪) টি এফ এ পরিচালিত মহিলাদের ঘরোয়া লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হল।

PM in Uttarakhand:

স্বনির্ভর ভারতের যে অঙ্গীকার দেশ নিয়েছে, তার পথ নির্ধারণ করবে 'ভোকাল ফর লোকাল' উত্তরাখণ্ড সর্বদা এই দৃষ্টিভঙ্গিকে বাস্তবায়িত করে চলেছে আজ উত্তরাখণ্ডের ২৫ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক জনসমাবেশে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অভিমত প্রকাশ করেন।

#####PM Byte#####

তিনি আরও বলেন দেবভূমির আসল বৈশিষ্ট্য হল এর আধ্যাত্মিক শক্তি। যদি উত্তরাখণ্ড দৃঢ়প্রতিজ্ঞ হয়, তাহলে আগামী কয়েক বছরের মধ্যে এটি "বিশ্বের আধ্যাত্মিক রাজধানী" হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারবে।

এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেবাদুনের বন গবেষণা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে ৮,০০০ কোটি টাকারও বেশি মূল্যের পানীয় জল, সেচ, কারিগরি শিক্ষা, জ্বালানি, নগর উন্নয়ন, ক্রীড়া এবং দক্ষতা উন্নয়ন সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা (প্রধানমন্ত্রীর ফসল বীমা প্রকল্প) এর আওতায়, প্রধানমন্ত্রী ২৮,০০০ এরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি ৬২ কোটি টাকারও বেশি আর্থিক সহায়তাও প্রদান করেন।

এই উপলক্ষে, প্রধানমন্ত্রী একটি স্মারক ডাকটিকিটও প্রকাশ করেন।

Uttarakhanda day observed:

আগরতলায় রাজভবনে উত্তরাখন্ড রাজ্য প্রতিষ্ঠার রৌপ্য জয়ন্তী বর্ষ উদযাপন উপলক্ষে আজ সকালে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্র সেনা রেজিড নাল্লু, ত্রিপুরার বিভিন্ন বিভাগ ও সংস্থায় কর্মরত উত্তরাখন্ডের বাসিন্দাদের উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানান।

রাজ্যপাল বলেন, আমাদের দেশে ভিন্ন ভিন্ন ভাষা, তবুও আমরা এক ও আমাদের একটিই দেশ। বিকশিত ভারত গঠনে সকলে আরও শক্তি ও সামর্থ্যের সঙ্গে এগিয়ে আসবেন বলে তিনি বিশ্বাস ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উত্তরাখন্ডের প্রতিনিধি ও এন জি সি ত্রিপুরা এসেটের জি এম ভূপেন্দ্র সিং পাণ্ডেই সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

CM- Rabindra Bhaban:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, তরুণ প্রজন্মকে সাধারণ জ্ঞান, সমসাময়িক বিশ্ব, বিজ্ঞান, ইতিহাস, নাগরিক-সচেতনতা বিষয়ক আলোচনায় আরও সক্রিয়ভাবে যুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলার রবীন্দ্র ভবনে আয়োজিত ত্রিপুরাইনফো মেগা কুইজ ২০২৫'এ আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। গ্রন্থাগারে সঞ্চিত সমস্ত জ্ঞানকে একত্রিত করা মানুষের মস্তিষ্কের জ্ঞান আহরণ ও ধরে রাখার ক্ষমতার সঙ্গে মেলে না। অংশগ্রহণকারীদের শেখার এবং অনুসন্ধিৎসার মনোভাবকে সকলের উৎসাহিত করা উচিত। মাদক বিরোধী সচেতনতা, সড়ক নিরাপত্তা, সমাজের প্রতি দায়বদ্ধতা ও মানবিক মূল্যবোধ গড়ে তোলার দিক থেকেও কুইজ একটি শক্তিশালী মাধ্যম বলে জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরাইনফোর ম্যানেজিং ডিরেক্টর জয়ন্ত দেবনাথ, এডিটর-ইন-চিফ শেখর দত্ত প্রমুখ।

CM-Unity March:

আগামীকাল সকালে আগরতলায় একতার পদযাত্রায় যোগ দেবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে সামাজিক একতার আত্মানে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে। রাজধানী শহরের পনেরোটি স্কুলের পড়ুয়াদের সঙ্গে এই পদযাত্রায় অংশ নেবেন মুখ্যমন্ত্রী।

Bikash Debbarma:

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এখন রাজ্যের প্রায় সব সরকারি হাসপাতালে স্নেক অ্যান্টিভেনম ইনজেকশন পৌঁছে গেছে। আজ তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে সাপের ছোবলে আহত মুন্সিয়াকামি ব্লকের ৪৩ মাইল এলাকার বাসিন্দা পততি রিয়াং'র শারীরিক

অবস্থার খোঁজ নিতে গিয়ে তিনি একথা বলেন। প্রশাসনের পক্ষ থেকে সাপে কাঁটা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কর্মসূচি শুরু হয়েছে বলে তিনি জানান।

Air show in Guwahati:

ভারতীয় বিমান বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের উদ্যোগে ৯৩তম বার্ষিকী উদযাপন উপলক্ষে আজ গুয়াহাটিতে পূর্ণাঙ্গ বিমান প্রদর্শনীর আয়োজন করা হয়। ব্রহ্মপুত্র নদীর উপরে লাচিত ঘাটে এই প্রদর্শনীতে ৭৫টিরও বেশি বিমান এবং হেলিকপ্টার অংশগ্রহণ করেছে। আসামের রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং বিমান বাহিনীর প্রধান অমর প্রীত সিং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Chess Champion:

উত্তর প্রদেশের গাজিয়াবাদে অনুষ্ঠিত জাতীয় অনূর্ধ্ব ১৫ বছরের দাবা প্রতিযোগিতায় ভারত সেরা হলো রাজ্যের আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস। জাতীয় সাবজুনিয়র দাবা প্রতিযোগিতার বালিকা বিভাগে এক রাউন্ডের খেলা বাকী থাকতেই অর্শিয়া চ্যাম্পিয়নের খেতাব চূড়ান্ত করে নেয়। ১০ রাউন্ডে অর্শিয়ার সংগ্রহ সাড়ে ৯ পয়েন্ট। আগামীকাল শেষ রাউন্ডের খেলা হবে।

Bihar-Election:

বিহার বিধানসভার দ্বিতীয় তথা শেষ পর্যায়ের নির্বাচনের সব প্রচার আজ শেষ হয়েছে। আগামী ১১ নভেম্বর বিহারের ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে ভোটগ্রহণ করা হবে। শেষ পর্যায়ে নির্বাচনে মোট ভোটার ৩ কোটি ৭০ লক্ষেরও বেশি। প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন, ১,৩০২ জন প্রার্থী। এর মধ্যে মহিলা প্রার্থী ১৩৬ জন। উল্লেখ্য, ৬ই নভেম্বর প্রথম পর্যায়ের নির্বাচন অনুষ্ঠিত হয়। ভোট গণনা হবে আগামী ১৪ই নভেম্বর।

BJP Meeting:

এডিসি সহ অন্যান্য নির্বাচনে দলের কৌশল নির্ধারণে আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, অন্যান্য পদাধিকারী, জেলা সভাপতি ও কার্যকর্তারা উপস্থিত ছিলেন।

BJP Press meet:

বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য জানিয়েছেন, ভারতের লৌহ পুরুষ সর্দার বল্লভ ভাই পাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আগামীকাল থেকে

রাজ্যের বিভিন্ন জেলায় একতা মার্চের আয়োজন করা হবে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, আগামীকাল পশ্চিম জেলায় আয়োজিত একতা মার্চে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মন্ত্রী সভার সদস্যগণ ও অন্যান্যরা উপস্থিত থাকবেন।

Krishak ShabhaConference:

সারা ভারত কৃষক সভা'র তৃতীয় উনকোটি জেলা সম্মেলন আজ কৈলাশহরে অনুষ্ঠিত হয়। এখানে বক্তব্য রাখেন, সংগঠনের রাজ্য সহ-সভাপতি সিদ্দেকুর রহমান, প্রাক্তন বিধায়ক রতন দাস প্রমুখ। সম্মেলনে পীয়ুষ চক্রবর্তী'কে সভাপতি ও ইনুচ মিঞা খাদিম'কে সম্পাদক করে ৩১ সদস্যক জেলা কমিটি গঠন করা হয়।

President in Angola:

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ লুয়ান্ডায় অ্যাঙ্গোলার রাষ্ট্রপতি জোও লোরেঙ্কোর সাথে দ্বিপাক্ষিক আলোচনা করেন। এর আগে, অ্যাঙ্গোলার রাজধানী লুয়ান্ডায় পৌঁছানোর পর তাকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয় এবং গার্ড অফ অনার দেওয়া হয়। ভারত ও অ্যাঙ্গোলার মধ্যে বহুমুখী অংশীদারিত্ব আরও গভীর করার লক্ষ্যে দুই নেতার মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

DGP visit :

পুলিশ মহা নির্দেশক অনুরাগ আজ ধলাই জেলায় টিএসআর এর তৃতীয় ব্যাটালিয়ন, কার্যালয়, সালেমা থানা এবং সিয়েট স্কুল পরিদর্শন করেন। তিনি

টি এস আর জওয়ানদের উৎসাহিত করে বলেন, শৃঙ্খলা রক্ষায় দায়িত্বের সঙ্গে কর্তব্য পালন করতে হবে।

Women Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া লিগ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। সন্ধ্যায় এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্য সরকারের গ্রামোন্নয়ন দপ্তরের অতিরিক্ত সচিব কুন্তল দাস আসরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রাক্তন ফুটবলার কল্পনা দেববর্মা, টিএফএ সভাপতি প্রণব সরকার সহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রথম দিনের দুটি খেলায় ত্রিপুরা পুলিশ ২-০ গোলে ফুলোঝানু এথলেটিক্স ক্লাবকে এবং ত্রিপুরা স্পোর্টস স্কুল ১৪-০ গোলে মান্দাইয়ের ডন বস্কো স্কুলকে হারিয়ে দেয়।

State meet:

উদয়পুরের বিমল সিনহা মেমোরিয়াল স্টুইমিং পুলে আয়োজিত ৩২তম সাব-জুনিয়র/ জুনিয়র ও ৫৬তম সিনিয়র গ্রুপের রাজ্য ভিত্তিক সাঁতার প্রতিযোগিতার আসর আজ শেষ হয়েছে।

রাজ্য ভিত্তিক সাঁতারে ৫০৯ পয়েন্ট পেয়ে ত্রিপুরা স্পোর্টস স্কুল চ্যাম্পিয়ান এবং ২৪৮ পয়েন্ট পেয়ে রানার্স আপ হয়েছে গোমাতী জেলা।

সমাপ্তি ও পুরস্কার বিতরনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জ্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় সহ দুই বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

আসরে ১৫০ জন সাঁতারো বিভিন্ন ইভেন্টে অংশ নিয়েছে।

National Football:

ছত্তিশগড়ে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালক বিভাগের সেমিফাইনাল থেকে ত্রিপুরা বিদায় নিয়েছে। আজ নারায়ণপুরের রামকৃষ্ণ আশ্রম মাঠে তামিলনাড়ু ৪-০ গোলে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০.২ ডিগ্রি সেলসিয়াস।
